বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-০৮

তারিখ ঃ ১২ এপ্রিল, ২০২১
২৯ চৈত্র, ১৪২৭

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়,

**করোনা প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে নিত্য প্রয়োজনীয় পণ্য ও ইলেকট্রনিক সামগ্রী উৎপাদন, পরিবহন ও সরবরাহ চেইন অব্যাহত রাখতে সহযোগীতা প্রদানের নির্দেশনা প্রদান প্রসঙ্গে।**

বাণিজ্য মন্ত্রণালয়ের ০৬.০৪.২০২১ তারিখের স্মারক নং-২৬.০০.০০০০.১১১.৫৩.০৬২.২১.২৭০ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। করোনা প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে নিত্য প্রয়োজনীয় পণ্যসহ (চাল, ডাল, তেল, পিয়াজ, মশুর ডাল, লবন, চিনি, আদা, রসুন), পানি, শিশুখাদ্য ও অন্যান্য খাদ্য সামগ্রী, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সকল প্রকার চিকিৎসা সামগ্রী ও ইলেকট্রনিক সামগ্রী স্বাস্থ্যবিধি মেনে এর উৎপাদন, আমদানি, পণ্য খালাস, পণ্য পরিবহণ, কুরিয়ার ব্যবস্থা এবং ওয়্যারহাউস কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৩। বর্ণিত অবস্থায়, বিধি মোতাবেক ব্যাংকিং সেবা প্রদানের নিমিত্তে বাণিজ্য মন্ত্রণালয়ের পত্রে জ্ঞাপিত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম দ্রুততার সাথে গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ শহিদুল ইসলাম)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০১২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সরকার
www.mincom.gov.bd

তারিখ: ০৬-০৪-২০২১ খ্রি.

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১১১.৫৩.০৬২.২১.২৭০

বিষয়: করোনা প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে নিত্যপ্রয়োজনীয় পণ্য ও ইলেক্ট্রনিক সামগ্রী উৎপাদন,পরিবহন ও সরবরাহ চেইন অব্যাহত রাখতে সহযোগিতা প্রদানের জন্য নির্দেশনা প্রদান

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১১১ তারিখ: ০৪/০৪/২০২১ খ্রি.

করোনা প্রাদুর্ভাবজনিত প্রেক্ষাপটে নিত্য প্রয়োজনীয় পণ্যসহ (চাল,ডাল,তেল,পিয়াজ, মশুর ডাল,লবণ,চিনি, আদা, রসুন) পানি, শিশু খাদ্য ও অন্যান্য খাদ্য সামগ্রী, মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সকল প্রকার চিকিৎসা সামগ্রী ও ইলেক্ট্রনিক সামগ্রি স্বাস্থ্য বিধি মেনে উৎপাদন, আমদানি, পণ্য খালাস, পণ্য পরিবহন, কুরিয়ার ব্যবস্থা এবং ওয়্যার হাউস কার্যক্রম যাতে অব্যাহত থাকে সে লক্ষ্যে সংশ্লিষ্ট দপ্তর-কে যথাযথ নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৬.৪.২১

নুসরাত আইরিন
উপসচিব (অবা-১ শাখা)
ফোন: ৯৫৪০১৬০
ইমেইল: iit1@mincom.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা
২) চেয়ারম্যান,জাতীয় রাজস্ব বোর্ড,সেগুনবাগিচা, ঢাকা
৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
৪) ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, পুলিশ হেড কোয়ার্টারস, ফুলবাড়িয়া, ঢাকা
৫) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬) সচিব , ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬) চেয়ারম্যান, চট্টগ্রাম/মংলা বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম
৭) চেয়ারম্যান, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, টিসিবি ভবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা

স্মারক নম্বর: ২৬.০০.০০০০.১১১.৫৩.০৬২.২১.২৭০

তারিখ: ০৬-০৪-২০২১ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩। সিনিয়র সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালি, ঢাকা
৬। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮। সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।

নুসরাত আইরিন
উপসচিব

d:\all file\2020\letter.docx